

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৬৮.০২৭.০২৩.২০.২৬৪

তারিখ:

০৪ ভাদ্র ১৪২৭

১৯ আগস্ট ২০২০

অফিস আদেশ

যেহেতু, কাজী জাকিয়া ফেরদৌসী, সহকারি অধ্যাপক (ইংরেজি), গফরগাঁও সরকারি কলেজ, গফরগাঁও, ময়মনসিংহ-কে ফেইসবুক আইডি থেকে ২১ মার্চ ২০২০ তারিখে নিজ নামে অনভিপ্রেত ও উস্কানিমূলক বক্তব্য প্রদান ও ছবি পোস্ট করার কারণে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-১২ অনুযায়ী সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, কাজী জাকিয়া ফেরদৌসী দাখিলকৃত জবাবে উল্লেখ করেন যে, নিজের ভুল বুঝে পোস্টটি সরিয়ে ফেলেছেন এবং কৃত কাজের জন্য তিনি দুঃখ প্রকাশ করেছেন;

যেহেতু, জবাব পর্যালোচনান্তে সার্বিক বিবেচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদানসহ ভবিষ্যতের জন্য সতর্কীকরণ ও সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, কাজী জাকিয়া ফেরদৌসী, সহকারি অধ্যাপক (ইংরেজি), গফরগাঁও সরকারি কলেজ, গফরগাঁও, ময়মনসিংহ এর প্রদত্ত জবাব বিবেচনা করে তাকে অভিযোগের দায় থেকে অব্যাহতি প্রদানপূর্বক ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো এবং সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক চাকরিতে পুনর্বহালসহ তার বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তারিখ: ১৯.০৮.২০২০

(মোঃ মাহবুব হোসেন)

সচিব

নং- ৩৭.০০.০০০০.০৬৮.০২৭.০২৩.২০.২৬৪/১(৮)


তারিখ:

০৪ ভাদ্র ১৪২৭

১৯ আগস্ট ২০২০

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (কাজী জাকিয়া ফেরদৌসী এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। অধ্যক্ষ, গফরগাঁও সরকারি কলেজ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
- ৮। কাজী জাকিয়া ফেরদৌসী, সহকারি অধ্যাপক (ইংরেজি), গফরগাঁও সরকারি কলেজ, গফরগাঁও, ময়মনসিংহ।


(মুকেশ চন্দ্র বিশ্বাস)
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৬৮.০২৭.০২২.২০.২৬৫

তারিখ:

০৪ ভাদ্র ১৪২৭

১৯ আগস্ট ২০২০

অফিস আদেশ

যেহেতু, জনাব শাহাদাৎ উল্লাহ কায়সার (০২৩৯৩৩), প্রভাষক (দর্শন), বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশালকে তার ফেইসবুক আইডি থেকে ২১ মার্চ ২০২০ তারিখে নিজ নামে অনভিপ্রেত ও উস্কানিমূলক বক্তব্য প্রদান ও ছবি পোস্ট করার কারণে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-১২ অনুযায়ী সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব শাহাদাৎ উল্লাহ জবাবে উল্লেখ করেছেন যে, কাউকে হয় বা কষ্ট দেয়ার উদ্দেশ্যে তার ছিলনা এবং কৃত কাজের জন্য তিনি দুঃখ প্রকাশ করেছেন;

যেহেতু, জবাব পর্যালোচনাপূর্বক সার্বিক বিবেচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ হতে তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব শাহাদাৎ উল্লাহ কায়সার (০২৩৯৩৩), প্রভাষক (দর্শন), বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল এর প্রদত্ত জবাব বিবেচনান্তে তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো এবং সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক তাকে চাকরিতে পুনর্বহালসহ বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তারিখ: ১৯.০৮.২০২০

(মোঃ মাহবুব হোসেন)

সচিব

নং- ৩৭.০০.০০০০.০৬৮.০২৭.০২২.২০.২৬৫/১(৮)


তারিখ:

০৪ ভাদ্র ১৪২৭

১৯ আগস্ট ২০২০

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (জনাব শাহাদাৎ উল্লাহ কায়সার এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। অধ্যক্ষ, বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।
- ৮। জনাব শাহাদাৎ উল্লাহ কায়সার (০২৩৯৩৩), প্রভাষক (দর্শন), বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল।


২১/০৮/২০২০
(মুকেশ চন্দ্র বিশ্বাস)
যুগ্মসচিব